

সংবাদ বিজ্ঞপ্তি

আজ ৮ অক্টোবর ২০১৩ অধিকার এর সেক্রেটারি এডভোকেট আদিলুর রহমান খানের ছয় মাসের অন্তর্বর্তীকালীন জামিন মঞ্জুর করেছেন হাইকোর্ট বিভাগ। বিচারপতি বোরহান উদ্দিন ও বিচারপতি কে এম কামরুল কাদের সমন্বয়ে গঠিত হাইকোর্টের বেঞ্চ তাঁর জামিন আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। আদিলুর রহমান খানের পক্ষে জামিন শুনানী করেন সুপ্রীম কোর্ট বারের সভাপতি এডভোকেট এ জে মোহাম্মদ আলী। এসময় তাঁকে সহায়তা করেন এডভোকেট রুহুল আমিন ভূইয়া, জেড আই খান পান্না এবং মোহাম্মদ আসাদুজ্জামান। সেসময় তাঁদের সাথে আরও উপস্থিত ছিলেন ব্যারিস্টার সারা হোসেন, এডভোকেট সিগমা হুদা এবং এডভোকেট আমিনউদ্দিন। বর্তমানে আদিলুর রহমান খান কাশিমপুর কারাগারে আছেন। গত ১৩ অগাস্ট ২০১৩ থেকে আদিলুর রহমান খান কারাগারে আছেন এবং সাইবার ক্রাইম ট্রাইবুনালের বিচারকার্য পরিচালনার জন্য এখন পর্যন্ত কোনো প্রসিকিউটর নিয়োগ দেওয়া হয়নি। এসময়ের মধ্যে আদিলুর রহমান খানের জামিন আবেদন ম্যাজিস্ট্রেট আদালত একবার এবং সাইবার ক্রাইম ট্রাইবুনাল দুবার নাকচ করেছিলো।